স্কুল ফিডিং বার্তা

বাংলাদেশ সরকারের আর্থিক এবং বিশ্বখাদ্য কর্মসূচির কারিগরি সহযোগিতায় "দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি"র মাসিক বুলেটিন

COAST The Coastal Association for Social Transfromation Trust

৯তম বর্ষ, ৮৩ তম সংখ্যা | b‡f¤^i ২০১৯ খ্রিস্টাব্দ | কার্তিক অগ্রহায়ন ১৪২৬ বঙ্গাব্দ

fggKvt টেকশই উন্নয়ন লক্ষ্যমাত্রার ২ নম্বর অর্জনে সরকারের ঐকান্তিক প্রচেষ্ঠা সফল করতে কার্যকর ভুমিকা পালন করে এ স্কুল ফিডিং প্রকল্প। অল্প বয়সী শিক্ষার্থীদের বিদ্যালয়ে অবস্থান কালে ক্ষুধা নিবৃত্তি ও তাদের বাড়ন্ত শরীরে পুস্টির যোগান দেয়ার পাশাপাশি সার্বজনীন শিক্ষা অর্জন, লিঙ্গ বৈষম্য কমানো, ছাত্র/ছাত্রীদের পাঠে মনোযোগ বৃদ্ধিকরণ, ভর্তির হার বৃদ্ধিকরণ, ছাত্র/ছাত্রীদের নিয়মিত উপস্থিতি হার বৃদ্ধিকরণ, প্রাথমিক শিক্ষা চক্র সমাপ্তির হার বৃদ্ধিকরণ। এই বিশাল জনগোষ্ঠীকে সম্পদে পরিনত করার সুদূর প্রসারী পরিকল্পনাই হচ্ছে বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গনশিক্ষা মন্ত্রনালয়ের অর্থায়নে, বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) এর কারিগরি সহযোগীতায় "দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি"। লক্ষীপুর জেলার রামগতি উপজেলার ৯৮ টি বিদ্যালয়ের **29142** জন কোমলমতি ছাত্র ছাত্রীদের কার্যক্রমের এ ধারাবাহিকতা কোস্ট ট্রাস্ট পরিচালনা করে আসছে।

লক্ষিত উপকারভোগীর ধরণ ও সংখ্যা:-

প্রকল্পের সুবিধা পাচ্ছে চট্রগ্রাম বিভাগের লক্ষীপুর জেলার রামগতি উপজেলার দারিদ্রপীড়িত ও প্রত্যান্ত এলাকার সরকারী প্রাথমিক বিদ্যালয়, ও স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার অধ্যায়নরত ছাত্র/ছাত্রীগন ।

¯‹z‡ji aib	¯‹zj msL¨v	QvÎ-QvÎx msL¨v		
		‡Q‡j	‡g‡q	‡gvU
সরকারি প্রাথমিক বিদ্যালয়	96	13254	15533	28787
স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার	02	185	170	355
মোটঃ-	98	13439	15703	29142

শতভাগ টিফিন বক্স ও পানির বোতল নিশ্চিত

লক্ষীপুর জেলাধীন রামগতি উপজেলায় চর বাদাম ইউনিয়নে পূর্ব চর সীতা মাস্টার পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়টি বাংলাদেশ সরকার পরিচালিত "দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্পে অন্তভূক্ত রয়েছে ।

স্কুল ফিডিং প্রকল্পের ফিল্ড মনিটর সবুজ চন্দ্র প্রতি নিয়ত স্কুল পরিদর্শন করেন । ফিল্ড মনিটরিং এর মাধ্যমে গত ০৬/১১/২০১৯ইং তারিখে স্কুল পরিদর্শন করেন । পরিদর্শনের সময় তিনি লক্ষ্য করেন পূর্ব চর সীতা মাস্টার পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের মাঝে টিফিন বক্স ও পানির বোতল নাই । তাই তিনি প্রতিটি ক্লাসে ছাত্রছাত্রীদের সাথে নিয়মিত স্কুলে পানির বোতল ও টিফিন বক্র নিয়ে আসা, পরিস্কার পরিচ্ছন্নতা, পড়ালেখার মান উন্নয়ন, বিস্কুট খাওয়ার নিয়মাবলি, ড্রেস পরে আসার উপকারিতা সম্পর্কে আলোচনা করে থাকেন । পাশাপাশি তিনি প্রধান শিক্ষক মোঃ জায়েদ হোসেনকে এ সকল বিষয়ের উপর অবহিত করেন ।

এরই ধারাবাহিকতায় পূর্ব চর সীতা মাস্টার পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রত্যেক শ্রেণী কক্ষে সকল ছাত্রছাত্রী শতভাগ পানির বোতল ও টিফিন বক্স নিয়ে আনার জন্য নিজ নিজ থেকে উদ্যোগ গ্রহন করেন । পূর্ব চর সীতা মাস্টার পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক বৃন্দ এবং ছাত্রছাত্রীদের টিফিন বক্স ও পানির বোতলের উপকারিতা সম্পর্কে জানার পর, সকল ছাত্রছাত্রীরা নিজ নিজ উদ্যোগে প্রতিদিন টিফিন বক্স ও পানির বোতলের নিয়ে স্কুলে আসে । ২১/১১/২০১৯ইং তারিখে ফিল্ড মনিটর সবুজ চন্দ্র বিদ্যালয়টি পরিদর্শন করেন । তিনি আগের মতো বিদ্যালয় শ্রেনি কক্ষে যান । তখন তিনি লক্ষ্য করে দেখেন, প্রতিটি ক্লাসের সকল ছাত্রছাত্রীর কাছে পানির বোতল ও টিফিন বক্স আছে । এটা দেখে ফিল্ড মনিটর সবুজ চন্দ্র অনেক আনন্দিত হন । শিক্ষক ছাত্রছাত্রীরা বিষয়টা ভালো ভাবে গ্রহন করেছে যার ফলে আমাদের এই সফলতা আর সফলতার পিছনে স্কুল ফিডিং কর্মসূচীর অবদান বেশি এবং প্রধান শিক্ষক ফিল্ড মনিটর সবুজ চন্দ্রকে অনেক ধন্যবাদ জানান ।

পূর্ব চর সীতা মাস্টার পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের হাতে শতভাগ টিফিন বক্র ও পানির বোতলের ১ টি অংশ। ছবি তুলেছেন সবুজ চন্দ্র।

বিদ্যালয় আঙ্গিনায় সবজি চাষ

লক্ষীপুর জেলাধীন রামগতি উপজেলায় বাংলাদেশ সরকারের প্রাথমিক গণশিক্ষা মন্ত্রনালয়ের অর্থায়নে "দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্প" চালু রয়েছে। এই প্রকল্পের শুরু থেকেই লক্ষ্যমাত্রায় পৌছাতে "কোস্ট ট্রাস্ট" নিরলস ভাবে কাজ করছে।

উক্ত প্রকল্পের কর্মরত ফিল্ড মনিটর মোহাম্মদ ফয়সাল নিয়মিত বিদ্যালয় পরিদর্শনে গিয়ে শিক্ষকদের সাথে বিভিন্ন বিষয়ে উন্নতির লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে থাকেন । শ্রেণীকক্ষে ছাত্রছাত্রীদের সাথে নিয়মিত স্কুল ড্রেস পরিধান করে সঠিক সময়ে বিদ্যালয়ে উপস্থিত হওয়া, শিক্ষা উপকরণের সাথে পানির বোতল ও টিফিন বক্স নিয়ে আসার উপকারিতা, বিস্কুট খাওয়ার নিয়মাবলি ও এর উপকারিতা, পরিস্কার - পরিচ্ছন্নতা, স্বাস্থ্য

সচেতনতা , সবজির চাষ ও সবজি খাওয়ার প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করে থাকেন ।

এরই ধারাবাহিকতা বিশ্বগ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয় আঙ্গিনায় সবজি চাষ করার পরিকল্পনা করা হয় । বিদ্যালয়ের আঙ্গিনায় মাটি তৈরী করে তাতে লাল শাক , ধনেপাতা , মুলা ও বেগুনের চাষ করা হয় । শিক্ষকদের সহযোগিতায় ও ছাত্রছাত্রীদের নিয়মিত পরিচর্যার ফলে লাল শাক , ধনেপাতা ও মুলার শাক খাওয়ার উপযোগী হয়ে উঠেছে । বিদ্যালয় থেকে সবজি চাষের অনুপ্রেরনা পেয়ে ছাত্রছাত্রীরা বাড়িতে সবজি চাষ করার চেষ্টা করে । সবজি চাষ সম্পর্কে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা আয়েশা ছিদ্দিকা বলেন , বিদ্যালয়ে সবজি চাষের গুরুত্বসহ সবজিতে থাকা ভিটামিন ও খনিজ উপাদানের উৎস হিসেবে সবজি খাওয়ার উপকারিতা সম্পর্কে আমরা ছাত্রছাত্রীদেরকে শিখায় । এতে ছাত্রছাত্রীরা সবজি চাষে উৎসাহিত হয় এবং সবজি খাওয়ার প্রতিও তাদের আগ্রহ সৃষ্টি হয় । বিদ্যালয় থেকে সবজি চাষের অনুপ্রেরনা পেয়ে ছাত্রছাত্রীরা বাড়িতে সবজি চাষ করার চেষ্টা করে ।

বিশ্ব গ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আঙ্গিনায় সবজি চাষের ১টি অংশ। ছবি তুলেছেন মোহাম্মদ ফয়সাল, ফিল্ড মনিটর, স্কুল ফিডিং কর্মসূচী।

খালি প্যাকেট ব্যবস্থাপনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে এবং বিশ্ব খাদ্য কর্মসূচীর কারিগরি সহযোগিতায় কোস্ট ট্রাস্ট লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলায় স্কুল ফিডিং প্রকল্প পরিচালনা করছে । এই কর্মসূচীর আওতায় ৯৬ টি প্রাথমিক বিদ্যালয় ও ২ টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা সুবিধা পাচ্ছে ।

স্কুল ফিডিং প্রকল্পের ফিল্ড মনিটরগন প্রতি নিয়ত স্কুল পরিদর্শন করতে গিয়ে শিক্ষকদের সাথে নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতা , পড়ালেখার মান উন্নয়ন , খাবারের পূর্বে হাত ধোয়া , বিস্কুট খাওয়ার নিয়মাবলি এবং খালি প্যাকেট ব্যবস্থাপনার গুরুত্ব সম্পর্কে আলোচনা করে থাকেন।

এরই ধারাবাহিকতায় স্কুল ফিডিং প্রকল্পের আওতা ভুক্ত চর দরবেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় গত ২৪-১১-২০১৯ইং তারিখে স্কুল ফিডিং কর্মসূচীর ফিল্ড মনিটর জনাব আলমগীর হোসেন বিদ্যালয়টি পরিদর্শন করেন । বিদ্যালয় পরিদর্শন সময়ে তিনি লক্ষ্য করেন বিদ্যালয়ের মাঠ অপরিস্কার , মাঠের যেখানে সেখানে বিস্কুটের খালি প্যাকেট পরে আছে এবং বিয়ষটি নিয়ে তিনি শিক্ষক সহ ছাত্রছাত্রীদের সাথে আলোচনা করেন । শিক্ষক এবং ছাত্রছাত্রীরা বিষয়টি অত্যন্ত আন্তরিকতার সহিত গ্রহন করেন এবং তাৎক্ষনিক খালি প্যাকেট পোড়ানোর উদ্যোগ নেন। শিক্ষক ও ছাত্রছাত্রীদের অক্লান্ত পরিশ্রমের ফলে ভালোভাবে খালি প্যাকেট পোড়ানোর কাজ সম্পূর্ন করা হয়। এমন উদ্যোগ গ্রহন করার জন্য ফিল্ড মনিটর আলমগীর হোসেন , শিক্ষক ও ছাত্রছাত্রীদেরকে ধন্যবাদ জানান।

চর দরবেশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিস্কুটের খালি প্যাকেট পোড়ানোর ১টি অংশ। ছবি তুলেছেন আলমগীর হোসেন, ফিল্ড মনিটর, স্কুল ফিডিং কর্মসূচী।

বিদ্যালয় ভিত্তিক উপস্থিতি হারঃ-

বিস্কুট গ্রহণ ,সরবরাহ, বিতরণ/খাওয়া সংক্রান্ত তথ্যাদি

গত মাসের মজুদ	ফ্যাক্টরী থেকে বিস্কুট গ্রহণ (টন)	মোট (টন)	স্কুলে বিতরণ (টন)	ওয়্যার হাউজে স্হিতি (টন)
২৬.৭২৬৫	৪৫	৭১.৭২৬৫	৪১.৬১৭৫	৩০.১০৯০

মাসিক কাজের বিবরণঃ-

ক্রমিক নং	কাজের ধরন	টার্গেট	অর্জন	মন্তব্য
০১	স্কুল ভিজিট	৯৮	৯৮	
০২	মা সমাবেশ	৬	৬	
০৩	এস এম সি	৬	৬	
০৪	সবজী বাগান	১৫	১৫	
০৬	উঠান বৈঠাক	৩	৩	

বিদ্যালয় ভিত্তিক উপস্থিতি হারঃ-

গড় উপস্থিতি হার	মোট বিদ্যালয়ের সংখ্যা	সময় কাল (নভেম্বর-2019)
96%-100%	০০	”
91%-95%	০০	”
86%-90%	০০	”
81%-85%	৮	”
76%-80%	১৮	”
71%-75%	৩১	”
66%-70%	৪১	”

বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য ঃ
কোস্ট ট্রাস্ট
দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি
প্রকল্প অফিস,সুজন গ্রাম, ওয়ার্ড নং-০২, চর সেকান্দার রামগতি পৌরসভা,রামগতি, লক্ষ্মীপুর।
০১৭১৩-১৪৪১৯৬
dilder.coast@gmail.com